# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৬০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নফল সালাত-এর বিবরণ - মাগরিব সালাতের পূর্বে দুরাক'আত নফলের বিধান

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ الْمُزَنِيِّ ـ رضي الله عنه ـ عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «صَلُّوا قَبْلَ الْمَغْرِبِ, صَلُّوا قَبْلَ الْمَغْرِبِ»، ثُمَّ قَالَ فِي الثَّالِثَةِ: «لِمَنْ شَاءَ» كَرَاهِيَةَ أَنْ يَتَّخِذَهَا النَّاسُ سُنَّةً. رَوَاهُ الْبُخَارِيُّ
وَفِي رِوَايَةِ ابْنِ حِبَّانَ: أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ صَلَّى قَبْلَ الْمَغْرِبِ رَكْعَتَيْنِ

صحيح. رواه البخاري (1183)، وهذا اللفظ الذي عزاه الحافظ هنا للبخاري ألا وهو قوله: «صلوا قبل المغرب. صلوا قبل المغرب»، إنما هو وَهم من الحافظ ـرحمه الله ـ؛ إذ الحديث في الصحيح بلفظ: «صلوا قبل صلاة المغرب» قال في الثالثة: الحديث. وفي رواية (7368): «خشية» بدل كراهية

صحيح، رواه ابن حبان (1588)، وتمامه: ثم قال: «صلوا قبل المغرب ركعتين» ثم قال عند الثالثة: «لمن شاء» خاف أن يحسبها الناس سنة

বাংলা

৩৬০. 'আবদুল্লাহ বিন মুগাফফাল আল মুযান্নী (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, তিনি বলেছেনঃ তোমরা মাগরিবের (ফরযের) পূর্বে (নফল) সালাত আদায় করে; তোমরা মাগরিবের (ফরযের) পূর্বে (নফল) সালাত আদায় করো। লোকেরা এ 'আমলকে সুন্নাত হিসেবে গ্রহণ করতে পারে, এ কারণে তৃতীয়বারে তিনি বললেন, : এ হুকুম তার জন্য যে ইচ্ছা করে। যেন তিন নিয়মিত আদায় করা

অপছন্দ করলেন।

ইবনু হিব্বানের একটি বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের পূর্বে দু'রাক'আত সালাত আদায় করেছিলেন।[1]

## ফুটনোট

[1] বুখারী ১১৮৩, ৭৩৫৮, আবূ দাউদ ১২৮১, আহমাদ ২০০২৯

পূর্ণাঙ্গ হাদীসটি হচ্ছে, অতঃপর তিনি বলেন, মাগরিব নামাযের পূর্বে তোমরা দু'রাক'আত সালাত আদায় কর। তিনি একথাটি দু'বার বললেন : صلوا قبل المغرب ركعتين ثم قال عند الثالثة: لمن شاء خاف أن يحسبها الناس سنة অতঃপর তৃতীয়বারে বললেন, যার ইচ্ছা (অর্থাৎ যে পড়তে চায়, সে পড়তে পারে) তিনি একথাটি এ আশংকায় বললেন যে, লোকেরা তা সুন্নাত মনে করা শুরু করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70171

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন